

আদি প্রকৃতির কাছে : নিসর্গ নীরব ইকো-কটেজ :

• ইসমাইল মাহমুদ

শহরের কোলাহল থেকে একটু হাঁফ ছেড়ে বাঁচতে চান? চান প্রকৃতির সান্নিধ্যে দু-এক রাত কাটাতে? তাহলে দ্বিধাহীনভাবে চলে আসুন মৌলভীবাজার জেলার প্রাকৃতিক সৌন্দর্যময় শহর শ্রীমঙ্গলের রাধানগরে অবস্থিত নিসর্গ নীরব ইকো-কটেজে। শ্রীমঙ্গল উপজেলা সদর থেকে প্রায় ৫ কিলোমিটার পূর্ব-দক্ষিণে শ্রীমঙ্গল-মোহাজেরাবাদ সড়কের রাধানগর গ্রামে অবস্থিত নিসর্গ নীরব ইকো-কটেজ। ঢাকা থেকে এর দূরত্ব প্রায় ১৯৫ কিলোমিটার।


নিসর্গ নীরব ইকো-কটেজটি বাইরে থেকে দেখলে মনেই হবে না ভেতরে কী চমক অপেক্ষা করছে। কটেজটির পরতে পরতে চমক আর চমক। মূল কটেজের পেছনের অংশে রয়েছে একাধিক বাঁশ-বেত ও ছনের তৈরি ছোট ছোট ঘর। 'বাবুই' নামে একটি ঘরে যেতে হয় বাঁশের সেতু পেরিয়ে। এর পাশেই অপর একটি বাঁশের সেতু পেরিয়ে লেবু বাগানের ভেতরে গিয়ে দেখা



'বাবুই' নামে এই ঘর
যেতে হয় বাঁশের
সেতু পেরিয়ে।



পাওয়া যায় একটি বাঁশের টাওয়ার। টাওয়ারটি কটেজের সীমানার পাশ দিয়ে প্রবাহিত পাহাড়ি ছড়ার ওপর। টাওয়ারে চড়ে অত্যন্ত মনোমুগ্ধকর ছড়াটির সৌন্দর্য দেখার মজাই আলাদা। মনোরম আঁকা-বাঁকা পাহাড়ি পথে ডানে-বামে ছায়াময় পরিবেশে এ কটেজটিতে রয়েছে বাঁশের টংঘর। টংঘরগুলো পর্যটকদের মন কাড়ার মতোই। ওই কটেজে বাঁশের তৈরি টংঘরগুলো দেখে মনে হয় কোনো এক আদিবাসী পাড়া এটি। টংঘরগুলো দেখে যে কোনো দেশি-বিদেশি প্রকৃতিপ্রেমিক পর্যটকেরই ইচ্ছা হবে এখানে বসে রাতের সৌন্দর্যও অবলোকন করার। টংঘরগুলোর নামও অন্যরকম- বাবুই, শালিক, ময়না, ধনেশ, টিয়া ইত্যাদি। নীরব কটেজের পাশে পাহাড়ি ঝিরির জলের কলকল ধ্বনি আর ঝিঝির ডাক যে কাউকে মুগ্ধতার চাদরে আবিষ্ট করবে। কটেজের চারপাশে গাছ-গাছালি ও ফুল-ফল দিয়ে ভরপুর। আর কটেজে প্রবেশের পথের পাশে জারুল গাছে লতানো মাকাল ফলের গাছ। মাকাল ফল পাকার মওসুমে ক্রিকেট বলের মতো লাল রঙের মাকাল ফল ভ্রমণপিপাসুদের মনে নিয়ে আসে আনন্দের বন্যা। আর নীরব ইকো-কটেজের চারপাশে রাতে জোনাকি পোকার মিটিমিটি আলো দেখে মনে হয় যেন কোনো বিয়ে বাড়ির আলোকসজ্জা।



দেখতে এখন দেশ-বিদেশের পর্যটকরা প্রতিনিয়ত আসেন। প্রতিদিন সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত নিসর্গ নীরব কটেজটি পর্যটকদের পদচারণায় মুখরিত থাকে। প্রিয় পাঠক শহরের কাছাকাছি স্থানে বুনো পরিবেশে প্রগাঢ় সৌন্দর্যে হারিয়ে যেতে চান? রাশ কাটাতে চান নীরব-নিস্তরক পরিবেশে? প্রাকৃতিক সৌন্দর্যে অবগাহন করতে চান? আর দেরি কেন? চলে আসুন নিসর্গ নীরব ইকো-কটেজে।

কীভাবে যাবেন?

দেশের যে কোনো প্রান্ত থেকে বাস, ট্রেন বা অন্য কোনো যানবাহনে চলে আসুন প্রকৃতির রানী শ্রীমঙ্গল। শ্রীমঙ্গল শহর থেকে সারি সারি চা বাগানের ভেতর দিয়ে ভানুগাছ সড়ক ধরে এগিয়ে যান। গ্র্যান্ড সুলতান টি রিসোর্ট অ্যান্ড গলফকে বামে রেখে ডানে



নিসর্গ নীরব ইকো-কটেজ সত্যিই নীরব-নিস্তরক স্থানে অবস্থিত। কটেজের ব্যবস্থাপনা পরিচালক কাজি শামসুল হক জানান নিসর্গ নীরব ইকো-কটেজের পাশে ঝিরির চলমান জল, ঝরনার মতো ঝিরি মনোমুগ্ধতা ছড়ানো প্রাকৃতিক পরিবেশ

মোহাজেরাবাদ সড়ক ধরে অর্ধ কিলোমিটার গেলেই চোখে পড়বে কটেজটি। শহরের স্টেশন রোডস্থ পেট্রোল পাম্প সংলগ্ন স্থান থেকে রাধানগর অভিমুখী সিএনজি অটোরিকশা পাওয়া যায়। ভাড়া নেবে জনপ্রতি ১৫ টাকা।

ছবি : মাহফুজ সুমন